



সংবিধান সংস্কার পরিষদ না হলে সংসদ অচল হওয়ার আশঙ্কা: নাহিদ ইসলাম



নাহিদ ইসলাম। ছবি: সংগৃহীত

সংবিধান সংস্কার পরিষদ গঠন না হলে সংসদে স্বাভাবিকভাবে কথা বলার পরিবেশ থাকবে না বলে সতর্ক করেছেন বিরোধী দলীয় চিফ হুইপ ও এনসিপির আহ্বায়ক নাহিদ ইসলাম। তিনি বলেন, পরিস্থিতি সেদিকে গেলে রাজপথে কর্মসূচি দিতে তারা প্রস্তুত থাকবেন।

বৃহস্পতিবার (২৬ ফেব্রুয়ারি) রাজধানীর খামারবাড়ির কৃষিবিদ ইনস্টিটিউটে জাতীয় ছাত্রশক্তির প্রথম প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানে তিনি এ বক্তব্য দেন।

তিনি অভিযোগ করেন, পুলিশ হত্যার বিচার শুরু হলে আগে জুলাই আন্দোলনে নিহত ও আহতদের ন্যায়বিচার নিশ্চিত করা জরুরি। তার ভাষ্য, আন্দোলনের উদ্দেশ্য ছিল কেবল শেখ হাসিনার পতন নয়, বরং পুরো স্বৈরাচারী ব্যবস্থার অবসান। কিন্তু সাধারণ মানুষের আত্মত্যাগের সুফল রাজনৈতিক দলগুলো ভোগ করছে বলে দাবি করেন তিনি।

নাহিদ ইসলাম আরও বলেন, চিফ প্রসিকিউটর তাজুল ইসলামকে সরানোর পর বিচার প্রক্রিয়া নিরপেক্ষভাবে এগোবে কি না, তা নিয়ে জনমনে প্রশ্ন দেখা দিয়েছে। পাশাপাশি সরকার ঋণখেলাপীদের পুনর্বাসনের উদ্যোগ নিচ্ছে বলেও অভিযোগ তোলেন তিনি।